ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৩১

করবুক, ১২ মার্চ, ২০২৫

# করবুকে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

করবুক মাল্টিপারপাস হলে আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মহকুমাভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়। করবুক মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। অনুষ্ঠানে নারী দিবসের তাৎপর্য এবং সমাজে নারীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা এবং এডিসির সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের কার্যনির্বাহী সদস্যা ডলি রিয়াং। এছাড়া আলোচনা করেন মহকুমা পুলিশ আধিকারিক গমনজয় রিয়াং, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ধনমনি ত্রিপুরা। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিলাছড়ি বিএসি’র চেয়ারম্যান থৈঙগ্য মগ। তাছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন করবুক ব্লকের বিডিও শুভ্রজিৎ পাল, করবুক আশ্রম স্কুলের প্রিন্সিপাল টেরেসা ডার্লং, সমাজসেবী অতীন্দ্র রিয়াং, সমাজসেবী প্রণব শঙ্কর ত্রিপুরা, সমাজসেবী বিশাল দেববর্মা, সমাজসেবী লীলাপদ জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে শপথ গ্রহণ করা হয়।

*****